

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৩১

80/ কিয়ামত (الله الله عن رسول الله الله الله الله) পরিচ্ছেদঃ এতদ্বিয়ে আরেকটি অনুচ্ছেদ।

بَابٌ مِنْهُ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الزُّهْرِيُّ الْبَصْرِيُّ، حَدَّثَنَا مَالِكُ بْنُ سُعَيْرٍ أَبُو مُحَمَّدِ التَّمِيمِيُّ الْكُوفِيُّ، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، وَعَنْ أَبِي سَعِيد، قَالاَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يُوْتَى بِالْعَبْدِ يَوْمَ الْقِيَامَةِ فَيَقُولُ اللَّهُ لَهُ أَلَمْ أَجْعَلْ لَكَ سَمْعًا وَبَصَرًا وَمَالاً وَوَلَدًا وَسَخَّرْتُ لَكَ الأَنْعَامَ وَالْحَرْثَ وَتَرَكْتُكَ تَرْأُسُ وَتَرْبَعُ فَكُنْتَ تَظُنُّ أَنَّكَ مُلاَقِيَّ يَوْمَكَ هَذَا قَالَ فَيَقُولُ لاَ . فَيَقُولُ لَهُ الْيَوْمَ أَنْسَاكَ كَمَا نَسِيتَنِي " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ صَحِيحٌ غَرِيبٌ . وَمَعْنَى قَوْلِهِ " الْيَوْمَ أَنْسَاكَ " . يَقُولُ الْيَوْمَ أَتْرُكُكَ فِي عِيسَى هَذَا فَسَرُوهُ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ فَسَّرَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ هَذِهِ الآيَةَ: (الْيَوْمَ الْعَلْمِ هَذِهِ الْآيَةَ: (الْيَوْمَ الْعَلْمُ فَي الْعَذَابِ . هَكَذَا فَسَرُوهُ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ فَسَّرَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ هَذِهِ الآيَةَ: (الْيَوْمَ نَتْرُكُهُمْ فِي الْعَذَابِ . هَكَذَا فَسَرُوهُ . قَالَ أَيُو عَيسَى وَقَدْ فَسَّرَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ هَذِهِ الآيَةَ: (الْيَوْمَ نَتْرُكُهُمْ فِي الْعَذَابِ . . هَكَذَا فَسَرُوهُ . قَالَ أَيُومَ نَتْرُكُهُمْ فِي الْعَذَابِ .

বাংলা

২৪৩১. আবদুল্লাহ ইবন মুহাম্মদ যুহরী বাসরী (রহঃ) আবূ হুরায়রা ও আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তাঁরা বলেছেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন এক বান্দাকে আনা হবে। আল্লাহ তাআলা তাকে বলবেনঃ তোমাকে আমি কি চোখ-কান দেইনি, ধন-দৌলত, সন্তান-সন্তুতি দেইনি, পশু-সম্পদ ও শস্য-সামগ্রী তোমার করতলগত করিনি; তোমাকে তো সরদারী করতে লোকদের সম্পদের এক চতুর্থাংশ ভোগ করতে ছেড়ে রেখেছিলাম। তুমি কি ধারণা করতে যে, আজকের এই দিনে আমার সঙ্গে তোমার মূলাকাত করতে করতে হবে? সে বলবেঃ না। আল্লাহ তাআলা বলবেনঃ আজ তোমাকে আমি ভুলে গেলাম যেভাবে আমাকে তুমি ভুলে গিয়েছিলে। সহীহ, যিলালুল জান্নাত ৬৩২, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪২৮ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-গারীব।

''তোমাকে আমি ভুলে গেলাম''-কথাটির মর্ম হল তোমাকে আজ আযাবে ছেড়ে দিলাম। কোন কোন আলিম الْيُوْمُ



َنُسْا هُمْ (আজ তাদের ভুলে গেছি-আল আ'রাফ ৭ঃ ৫১) আয়াতিটর উক্তরূপ তাফসীর করেছেন। তারা বলেনঃ তাদেরকে আমি আযাবে ছেড়ে রেখেছি।

English

Abu Salih reported from Aabil Huraurah and Abu Sa;eed that the Messenger of allah (s.a.w)said:

"The servant will be brought on the Day of Judgement, and He will say to hi: 'Did I not give you hearing. Sight, wealth, children, and did I not make the cattle and tillage subservient to you, and did I not leave you as the head of people taking from their wealth? Did you not think that you would have to meet with Me on this Day of yours?' So he will say: 'No.' So it will be said to him: 'Today you shall be forgotten just as you have forgotten Me.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন